

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

১৭নং ওয়ার্ড (পশ্চিম বাকলিয়া)

ওয়ার্ড লেবেল কো-অডিনেশন কমিটি

সভার কার্য বিবরণী

চট্টগ্রাম i- কর্পোরেশন

গৃহীত

তাং... ২০/১২/২০২৩

৬-৫-৭-ডি

স্বাক্ষর

Mr. Tawir  
20/12/23

সভার তারিখ ও স্বাক্ষর : ১৩/১২/২০২৩ইং সকাল ১১টা

সভাপতি: মোহাম্মদ শহিদুল আলম

আলোচ্য সুচী: ১। পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে আলোচনা, ২। রাস্তার উন্নয়ন নর্দমা সংস্কার বিষয়ে আলোচনা, ৩। জলাবদ্ধতা নিরসনে রাস্তার পরিকল্পনা গ্রহন।

অদ্য ১৩/১২/২০২৩ইং রোজ বুধবার সকাল ১১টায় ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড কার্যালয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (WLCC) সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভার সভাপতি ও সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ শহিদুল আলম সভাপতিত্ব করেন। সভায় উদ্বোধনী বক্তব্য পেশ করেন সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ শহিদুল আলম। সভায় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা মোঃ মুছা। তিনি বলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন উন্নয়নমূলক কাজ করেছে। কিন্তু সঠিক ও সুপরিকল্পিত পরিকল্পনার অভাবে মানুষ তার সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে পারছেনো। তাই অত্র ওয়ার্ডের কমিটির সকল সদস্যকে সমন্বয়ের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণে সকলকে আহ্বান জানান। আরো বক্তব্য রাখেন অত্র ওয়ার্ডের মেম্বর ও সামাজিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জনাব আনোয়ার হোসেন, জনাব আবদুল হাকিম মেম্বর, গণমাধ্যম প্রতিনিধি জ্যোতি সিংহ। আরো বক্তব্য রাখেন এনজিও প্রতিনিধি বীনা মজুমদার কণা, উমা দাশ, মৌসুমী আ/এ প্রতিনিধি সবুজ বড়ুয়া, সমাজকর্মী মোঃ জিয়া, সামাজিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জনাব সরোয়ার আল ভূঁইয়া বক্তব্য রাখেন। সম্পূর্ণ সভাটি উপস্থাপন করেন সামাজিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মোঃ আনোয়ার হোসেন। সভায় সভাপতি তাহার বক্তব্য পেশ করেন। তিনি বলেন সিটি কর্পোরেশনের সেবা গুলো আরো বেগবান, আরো জোড়ালো, আরো মান সম্পন্ন করার জন্য বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী যে সফল কর্মসূচী গ্রহণ করেছেন তার সফল বাস্তবায়নের লক্ষ্যে আমাদের সকলকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে কাজ করে যেতে হবে। আমাদের সচেতনতা ও সকল সরকারী প্রতিষ্ঠানের সমন্বয়ের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ড গুলো সফল করার জন্য বাস্তব ভিত্তিক সুপরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন আমাদের আন্তরিক প্রচেষ্টা দ্রুত এদেশকে স্মার্ট বাংলাদেশে উন্নীত করবে। সভায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি তার বক্তব্য শেষ করেন। সভায় আরো উপস্থিত ছিলেন, কমিটির সদস্য জনাব কামাল আহমেদ সদস্য সচিব জনাব শেখ মাহতাব উদ্দীন, জনাব মোহাম্মদ ইলিয়াছ, মোহাম্মদ আবদুল মান্নান, মোঃ ইয়াছিন টিপু, মোঃ নাজিম দেওয়ান, মোঃ আফজাল হোসেন, আবদুল জলিল মুন্না প্রমুখ।

## সিদ্ধান্ত সমূহঃ

- ১। সর্বস্তরের জনসাধারণকে নিয়ে ২০২৪এ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে একটি সমন্বয় সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
  - ২। আগামী ফেব্রুয়ারী ২৪-এ হোল্ডিং টেক্স সম্পর্কে নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির প্রচারনার কর্মসূচী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
  - ৩। ডব্লিউ এন সি সি সভার কার্যবিবরণী সকল কার্যক্রম স্থিরচিত্রসহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওমের সাইটে প্রকাশনার উদ্দেশ্যে সচিবালয় বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে ওয়ার্ড সচিব যাবতীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।
- অতঃপর সভাপতি মহোদয় ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা জন্য সকলের সহযোগিতা কামনা করে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ শহিদুল আলম  
কাউন্সিলর  
১৭ নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

উপস্থিতি ব্যক্তিবর্গের স্বাক্ষর:

২. মোহাম্মদ আফিজুল আলম


মোহাম্মদ শহিদুল আলম  
কাউন্সিলর  
১৭ নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড  
চতুর্থম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

২.

৩. মোহাম্মদ হুসেইন — ০১৪৪০৭৭৫০১২

৪. মোহাম্মদ হোসেন — ০২৬৫৬২৫৫০০

৫. আব্দুল হদিকা — ০২৭০২১০৫৫৫৬

৬. হাদু সিংহ — ০১৫১৫১১০২৭ — 

৭. কাল্পনা

৮. মোহাম্মদ আব্দুল হান্নান হুসেইন — ০১৪৭৫৭১২১১

৯. মোঃ কামাল আব্দুল — ০১০২৫৩৫৪৩৫৪

১০. হাংলায় আব্দুল হুসেইন — ০১৪১৪৪৫৭০৭৩

১১. মোহাম্মদ হোসেন — ০১৪১৪-৫০৩৭৫০.

১২. বীনা হুসেইন (বোন) — ০১৭১২০৫৭৩১৭

১৩. মোহাম্মদ হোসেন — ০১৪১৫৫৫৬১৩৭

১৪. উমা দাশ — ০১৪১৫/০৫০৭০







